

একশ' দাখিল মাদ্রাসায় কারিগরি প্রশিক্ষণ দেয়া হচ্ছে

রাশেদ আহমেদ II দেশের ১শ'টি দাখিল মাদ্রাসায় ৫ হাজার ১শ' ৪৩ কোটি ৫১ লাখ টাকা ব্যয়ে ভোকেশনাল কোর্স চালু করা হচ্ছে। মাদ্রাসার শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষার পাশাপাশি কারিগরি প্রশিক্ষণ দিয়ে কর্মজীবী করে তোলার লক্ষ্যে এ উদ্যোগ নেয়া হয়েছে। প্রধানমন্ত্রীর দপ্তর থেকে বিভিন্ন জেলা ও উপজেলায় এ ১শ' বেসরকারি দাখিল মাদ্রাসা নির্বাচন করা হবে।

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় নির্বাচিত দাখিল মাদ্রাসায় ভোকেশনাল কোর্স প্রবর্তন শিরোনামে এ প্রকল্পটি গ্রহণ করা হয়। কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাত্মক এ প্রকল্প শেষ হবে ২০০৪ সালের জুনে। প্রকল্পটি একনেকের সভায় পাস হয়েছে।

সূত্র জানিয়েছে, মাদ্রাসার শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষা যেমন কম্পিউটার, জেনারেল মেকানিকস, ড্রেসমেকিং অ্যান্ড টাইলারিং, জেনারেল ইলেকট্রনিক্স, বিল্ডিং মেইনটেন্যান্স, রেডিও-টিভি মেরামত, ফার্ম মেকানিকস ইত্যাদি প্রশিক্ষণ দেয়া হবে। যাতে করে মাদ্রাসার শিক্ষার্থীরা শিক্ষাজীবন শেষ করে কর্মসংস্থানে নিয়োজিত হতে পারে। বর্তমানে মাদ্রাসা শিক্ষার্থীদের কারিগরি কোন প্রশিক্ষণ না থাকায় বেশিরভাগ ক্ষেত্রে তারা বেকার হয়ে সমাজের বোঝা হয়ে পড়ে।

এ প্রকল্পের আওতায় দাখিল মাদ্রাসায় শিক্ষার্থীদের ১০০০ নম্বরের পরীক্ষায় ৪০০ নম্বর থাকবে ট্রেড বিষয়ক পরীক্ষা।

ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হবে। প্রকল্পে ৫ হাজার ১শ' ৪৩ কোটি ৫১ লাখ টাকা বাজেটে ৪ হাজার ১৪ কোটি ৯০ লাখ টাকা বৈদেশিক সাহায্য এবং ১ হাজার ১শ' ২৮ কোটি ৬১ লাখ টাকা সরকারি অর্থ রয়েছে। প্রকল্পের অধীন প্রতিটি মাদ্রাসায় জন্য ১০ জন করে মোট ১০০০ জনবল নিয়োগের প্রস্তাব করা হয়েছে।

প্রকল্পের সিদ্ধান্তে বলা হয়েছে, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে জেলা ও উপজেলায় মাদ্রাসা নির্বাচনের বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে নিয়ন্ত্রণ করা হবে।